

কৃষি বিশ্ববিদ্যালয়

ভর্তির জন্য মনোনীত
৫৭০, ভর্তি হয়েছে
২৬০ জন

॥ সুদীপ্ত দাস ॥

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ২৩শে
জুন।- কৃষিশিক্ষার একমাত্র উচ্চতর
বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে
প্রথম পর্ব (১৯৯৫-৯৬)-এ প্রতিযোগিতা-
মূলক পরীক্ষা দিয়ে উত্তীর্ণ ৫শ' ৭০ জন
ছাত্রছাত্রীর মাঝে ভর্তির নির্ধারিত দিনে
রোববার ভর্তি হয়েছে মাত্র ২শ' ৬০ জন
ছাত্রছাত্রী। গতবার ভর্তি হয়েছিল ২শ' ৮২
জন।

এ বছর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায়
অংশ নেয় ৫ হাজার ৭শ' ছাত্রছাত্রী। এর
মাঝে থেকে মেধা তালিকায় উত্তীর্ণ হয়
৫শ' ৭০ জন (নির্ধারিত আসন)।-কৃষি
অনুষদে নির্ধারিত ২শ' ৫০টি আসনে ১শ'
২৫ জন, কৃষি প্রকৌশল ও কারিগরি
অনুষদের ৬০টি আসনে ২০ জন, কৃষি
অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদে
৬০টি আসনে ৩৮ জন, পশুপালন অনুষদে

কৃ: বিঃ পৃ: ৬ ক: ৪

কৃ: বিঃ ভর্তি
(১ম পৃষ্ঠার পর)

৬০টি আসনে ৩৩ জন, পশু চিকিৎসা
অনুষদে ৮০টি আসনে ২৩ জন, মাৎস্য
বিজ্ঞান অনুষদে ৬০টি আসনে ভর্তি হয়েছে
২১ জন। অর্থাৎ সর্বমোট ২শ' ৬০ জন
ছাত্রছাত্রী ভর্তি হওয়ার পর খালি থেকে
গেল ৩শ' ১০টি আসন।